# সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৭২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১▶ দোগাছিয়া গ্রামের অভাবী ও দুস্থ মহিলারা সরকারি ভাতা পেয়ে বেশ ভালোই দিন কাটাচ্ছেন। তাদের ছেলেমেয়েরা বিনা খরচে স্কুলে পড়াশোনা করছে। সামান্য অসুস্থতা দেখা দিলে এসব মহিলারা স্থানীয় হাসপাতাল থেকে অভিজ্ঞ ডাক্তারদের পরামর্শ মতে বিনামূল্যে ওষুধ নিয়ে খেয়ে সুস্থ হচ্ছেন। তাদের চাহিদা পূরণে সরকারের আন্তরিকতা দেখে এলাকাবাসী সরকারকে ধন্যবাদ জানান।

ক. বাংলাদেশের কত শতাংশ শিশু অপুষ্টির শিকার? ১

খ. মানুষের জীবনে সামাজিক নিরাপত্তা প্রয়োজন কেন? ২

গ. দোগাছিয়া গ্রামে প্রদানকৃত সুবিধাগুলো সরকারের কোন কর্মসূচির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. দোগাছিয়া গ্রামে গৃহীত কর্মসূচি সরকারের উক্ত কর্মসূচির পরিপূর্ণ রূপ নয়- মন্তব্যটি প্রতিষ্ঠা করো। ৪

২▶ বয়সের ভারে নুয়ে পড়া ৮০ বছরের দবিরউদ্দিন এখনও ঠেলা গাড়ী টেনে নিজের এবং পরিবারের খাদ্যের সংস্থান করছেন। তার সাথে কথা বলে সমাজকর্মী হাবিবা জানতে পারেন দুই ছেলে নিজেদের সংসার নিয়ে আলাদা থাকায় বাধ্য হয়ে নিজের এবং স্ত্রীর ভরণ পোষণের জন্য তিনি এখনও কাজ করছেন। তবে তার শারীরিক অবস্থা কাজের জন্য উপযোগী নয়।

ক. প্রবীণ কল্যাণ কর্মসূচি কী? ১

খ. 'বার্ধক্যের আঘাত সর্বজনীন'— ব্যাখ্যা করো। ২

গ. দবিরউদ্দিনের এ অবস্থার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. দবিরউদ্দিনের মতো প্রবীণদের কল্যাণে সমাজকর্মী হাবিবা কোনো উদ্যোগ গ্রহণ করতে পারে কি? মতামত প্রদান করো। ৪

৩▶ অতিরিক্ত কার্বন নিঃসরণকারী দেশগুলোর প্রতি সম্প্রতি কঠিন হুঁশিয়ারি প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা। অতিরিক্ত কার্বন নিঃসরণের ফলে সমুদ্র উপকূলবর্তী তথা বাংলাদেশের মতো দেশগুলো ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন হবে।

ক. IPCC এর পূর্ণরূপ লেখ। ১

খ. গ্রিন হাউজ গ্যাস বলতে কী বোঝ? ২

গ. মার্কিন প্রেসিডেন্টের এমন হুঁশিয়ারি প্রদানের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. কার্বন নিঃসরণকারী দেশগুলো মার্কিন প্রেসিডেন্টের হুঁশিয়ারি মেনে চললে বাংলাদেশই সবচেয়ে বেশি উপকৃত হবে যুক্তিসহ মতামত দাও। ৪

http://teachingbd.com

৪ ▶ চৌগাছা উপজেলার সবচেয়ে অবহেলিত ও দুর্দশাগ্রস্ত গ্রাম হলো নন্দপুর। যৌতুক ছাড়া এ গ্রামের কোনো ছেলেমেয়ের বিয়ে হয় না। চুরি, ডাকাতি ছিনতাই এ গ্রামের নিত্যনৈমিত্তিক ব্যাপার। এ গ্রামের অধিকাংশ ছেলেমেয়ে মাদকে আসক্ত। সমাজের অধিকাংশ মানুষ এ অবস্থা থেকে পরিত্রাণ চায়।

ক. পরিবার গঠনের অন্যতম হাতিয়ার কী? ১

খ. যৌন হয়রানি প্রতিরোধে বিবাহ ও পরিবারের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের নন্দপুর গ্রামটিতে কোন ধরনের সমস্যা বিরাজমান? নিরূপণ করো। ৩

ঘ. নন্দপুরের সমস্যা সমাধানে গণমাধ্যমের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৫ ▶ তারেক ভালোবেসে বিয়ে করেছিল বৈশাখীকে। বিয়ের পর হতেই তারেক তার স্ত্রীর বাবার কাছে যৌতুকের এক লক্ষ টাকার জন্য চাপ দিতে থাকে। তারেকের দরিদ্র বাবা পঞ্চাশ হাজার টাকা দিয়ে বাকি টাকা দেওয়ার জন্য সময় চান। তারেক এক মাস যেতেই বাকি টাকা দাবি করে এবং চাপ দিতে থাকে। টাকা না পেয়ে তারেকের ওপর শারীরিক ও মানসিক অত্যাচার শুরু করে। একদিন সকালে যৌতুকের টাকা নিয়ে বৈশাখীকে সাথে ঝগড়াকালে তারেক তাকে 'তালাক, তালাক, তালাক' বলে চিৎকার করে। প্রতিবেশীরা এগিয়ে এসে বলে বাইন তালাক হয়ে গেছে। বৈশাখীর বাবা যৌতুক আইনে মামলা করে।

ক. নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) আইন, ২০০৩ অনুযায়ী যৌতুকের সংজ্ঞা দাও। ১

খ. 'যৌতুকের ঘটনায় শারীরিকের চেয়ে মানসিক প্রভাব জটিল কেন'? বুঝিয়ে লিখ। ২

গ. মামলায় বৈশাখীর কী প্রকৃতির শাস্তি হতে পারে যৌতুক আইনের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রতিবেশীদের কথাটি "বাইন তালাক হয়ে গেছে" মুসলিম পারিবারিক আইনের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬ ▶ কলেজ ছাত্র লিমনকে র‍্যাব সন্ত্রাসের অভিযোগে গ্রেফতার করে তার পায়ে গুলি করে। এতে তার একটি পা কেটে ফেলতে হয়। তার নামে একাধিক মামলা দেয় পুলিশ। সামগ্রিকভাবে তার শিক্ষা ও নিজের জীবন মারাত্মক হুমকির মুখে পড়ে। গণমাধ্যমে এ খবর প্রচারিত হলে সারাদেশে নিন্দার ঝড় ওঠে। এমতাবস্থায় জাতীয় পর্যায়ের একটি প্রতিষ্ঠান লিমনের সাহায্যার্থে এগিয়ে আসে। এর ফলে লিমন জামিনে মুক্তি পায় এবং তার শিক্ষাজীবন অব্যাহত রাখার সুযোগ পায়।

ক. এদেশে সরকারি সমাজসেবা কর্মসূচির সূত্রপাত হয় কত সালে? ১

খ. পল্লি সমাজসেবা কার্যক্রম ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানটিকে বোঝানো হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের প্রধান প্রধান কার্যক্রম উল্লেখ করো। ৩

ঘ. উল্লিখিত প্রতিষ্ঠানের কার্যক্রমে সমাজকর্মীর ভূমিকা বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৭ ▶ জুয়েল হাজারীবাগ বস্তিতে থাকে। সে সকালে জুতার দোকানে কাজ করে এবং বিকালে একটি স্কুলে পড়াশোনা করে। তার স্কুলটি একজন বিদেশি নাগরিকের সহযোগিতায় এবং অধ্যাপক ড. আহম্মদুল্লা মিয়ার অক্লান্ত পরিশ্রম ও ঐকান্তিক চেষ্টায় ১৯৭২ সালে একটি পাইলট প্রজেক্ট হিসেবে আত্মপ্রকাশ করে।

ক. এনজিও বিষয়ক ব্যুরো কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. ব্র্যাকের খাবার স্যালাইন তৈরি শিক্ষা কর্মসূচি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির নাম কী? এর উদ্দেশ্য গুলো লেখো। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানটির সাধারণ শিক্ষা কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

৮ ▶ আন্তর্জাতিক নিষেধাজ্ঞা উপেক্ষা করে মার্কিনিদের হামলায় শত শত ইরাকি শিশু যখন আর্তনাদে ছটফট করছিল তখন যুদ্ধ বিধ্বস্ত ইরাকের এসব শিশু এবং মায়েদের কল্যাণে আন্তর্জাতিক একটি বেসরকারি সংস্থা সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল। তাদের সেবায় এসব শিশুদের মধ্যে অনেকেই প্রাণ ফিরে পেয়েছিল। অবশ্য যুদ্ধের ভয়াবহ অভিজ্ঞতা থেকেই এ সংস্থার সৃষ্টি হয়েছিল এবং জেনেভা সম্মেলনের মাধ্যমে আর্তমানবতার সেবার লক্ষ্য নিয়ে এটি আন্তর্জাতিকভাবে আত্মপ্রকাশ করে।

ক. NGO বা বেসরকারি সংস্থা কী? ১
খ. আন্তর্জাতিক সংগঠন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কোন আন্তর্জাতিক সংস্থাটির ইঙ্গিত দেওয়া হয়েছে? বিভিন্ন দুর্যোগের সময় উক্ত সংস্থার গৃহীত নীতিসমূহ ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশে উক্ত সংস্থাটি কীভাবে তাদের কর্মসূচি পরিচালনা করছে? বিশ্লেষণ করো। ৪

৯ ▶ মতিন সাহেব সমাজকর্ম বিষয়ে তাত্ত্বিক শিক্ষা অর্জন করে তা বাস্তবে প্রয়োগ করার জন্য মাঠকর্ম অনুশীলন করছে। তিনি এক্ষেত্রে সাহায্যার্থীর সমস্যা মোকাবিলায় বিভিন্ন কৌশল অবলম্বন করে থাকেন। তাছাড়া তিনি মাঠকর্ম অনুশীলনের অর্জিত জ্ঞান থেকে এমন একটি কাজ করেন; যাতে তার ওপর অর্পিত দায়িত্ব ও তার দ্বারা সম্পাদিত কার্যক্রমের বর্ণনা থাকে।

ক. Rapport কী? ১
খ. সামাজিক কার্যক্রম বলতে কী বোঝ? ২
গ. মতিন সাহেবের সাহায্যার্থীদের সমস্যা মোকাবিলায় প্রথম ও সর্বশেষ কৌশল কী হতে পারে? উক্ত কৌশলগুলো ব্যাখ্যা করো। ৩
ঘ. রতন সাহেব মাঠকর্ম অনুশীলনের অর্জিত জ্ঞান থেকে যে কাজটি করেন তা বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

সমাজকর্ম দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৭২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. কোন চাহিদা জৈবিক চাহিদা নামেও পরিচিত?
ক মৌলিক চাহিদা খ মানবিক চাহিদা
গ সামাজিক চাহিদা ঘ শারীরিক চাহিদা

২. মৌলিক মানবিক চাহিদাগুলোর সাধারণ বৈশিষ্ট্য কোনটি?
ক পূরণ না হলে জনগোষ্ঠী বিলুপ্ত হবে
খ একটির সাথে অন্যটির সম্পর্ক নেই
গ মানবজাতির অসহায়ত্ব প্রকাশ করে
ঘ পরস্পর নির্ভরশীল

৩. মানবজীবনের দ্বিতীয় গুরুত্বপূর্ণ চাহিদা কোনটি?
ক খাদ্য খ বস্ত্র
গ বাসস্থান ঘ শিক্ষা

৪. বাংলাদেশে চাহিদাটি পূরণের ক্ষেত্রে উক্ত বিষয়টির প্রভাব হচ্ছে—
i. আমদানির পরিমাণ বৃদ্ধি পাওয়া
ii. মাথাপিছু আয় হ্রাস পাওয়া
iii. পুষ্টিকর খাবার গ্রহণ না করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. সমাজকর্মের শাখা বেড়েছে যে সকল কারণে—
i. মানুষের সমস্যার প্রকৃতি পরিবর্তনের জন্য
ii. মানুষের সমস্যার পরিধি পরিবর্তনের জন্য
iii. মানুষের সংখ্যা বৃদ্ধির কারণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. মানবিক সমস্যার সাথে আধুনিক সমাজকর্মের সম্পর্ক কিরূপ?
ক অত্যন্ত নিবিড় খ নিবিড়
গ প্রতিযোগিতামূলক ঘ বিরূপ

৭. *'Social Diagnosis'* গ্রন্থটির রচয়িতা কে?
ক Dr. Charles P Emerson
খ Rex A Skidmore
গ Dr. Richard C Cabot
ঘ Mary Richmond

৮. *'Elements of Social Welfare'* গ্রন্থটির রচয়িতা কে?
ক Prof Dr. Md. Ali Akbar
খ Dr. Charle P Emerson
গ Mary Richmond ঘ Dr. Richard C Cabot

৯. সাধারণভাবে মাদকাসক্তি বলতে কী বোঝায়?
ক ওষুধের প্রতি আসক্তি
খ কোনো একটি বিশেষ দ্রব্যের প্রতি আসক্তি
গ মাদকদ্রব্যের প্রতি আসক্তি
ঘ ঘুমের ওষুধের প্রতি আসক্তি

১০. অটিজম শব্দটি কোন শব্দ থেকে আগত?
ক স্প্যানিশ খ উর্দু
গ ইংরেজি ঘ গ্রিক

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নগুলোর উত্তর দাও।

'তারার আলো' শিশু নিবাসে পরিচালিত একটি জরিপে দেখা যায় এখানকার কিছু শিশুরা অন্যদের সাথে মিশতে চায় না। তারা একা একা খেলতে পছন্দ করে। তাদের মেজাজ খুব খিটখিটে এবং তারা প্রচন্ড রাগী।

১১. উদ্দীপকের শিশুদের কী হিসেবে আখ্যায়িত করা যায়?
ক অস্বাভাবিক শিশু খ অটিস্টিক
গ প্রতিবন্ধী ঘ মানসিক রোগী

১২. উক্ত শিশুদের সমস্যা পরিলক্ষিত হয়—
i. সামাজিকতার ক্ষেত্রে
ii. আচরণের ক্ষেত্রে iii. খাওয়া দাওয়ার ক্ষেত্রে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. বিভিন্ন নিয়ম-কানুন এবং রীতিনীতির সমষ্টিকে কী বলা হয়?
ক সামাজিক প্রথা খ সামাজিক সংগঠন
গ সামাজিক প্রতিষ্ঠান ঘ সামাজিক সংস্থা

১৪. সামাজিক প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য হলো—
i. গতিশীল কার্যপ্রণালি
ii. কর্মভার হস্তান্তরযোগ্য
iii. সমাজভেদে এর কার্যাবলি অভিন্ন হয়ে থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৫. *'A Handbook of Sociology'* গ্রন্থটির রচয়িতা কে?
ক অগবার্ন ও নিমকফ খ ডেভিড পোপেনো
গ এলিয়ট ও মেরিল ঘ ওয়েস্টার মার্ক

১৬. সমাজের জন্য ক্ষতিকর, অবাঞ্ছিত, অনাকাঙ্ক্ষিত বাধাকে কী বলা হয়?
ক রাজনৈতিক সমস্যা খ অর্থনৈতিক সমস্যা
গ ক্ষতিকর অবস্থা ঘ সামাজিক সমস্যা

১৭. আমাদের স্বাভাবিক গতিধারাকে অক্ষুণ্ণ রাখার জন্য কোন আইন তৈরি করা হয়?
ক রাজনৈতিক আইন খ দুর্নীতি দমন আইন
গ সমাজকল্যাণমূলক আইন
ঘ অর্থনৈতিক আইন

১৮. সামাজিক আইনের অন্যতম উদ্দেশ্য কী?
ক অন্য রাষ্ট্রের সাথে সম্পর্ক রক্ষা
খ সামাজিক সকল কুপ্রথা দূর করা
গ রাষ্ট্রের প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা
ঘ ব্যক্তির সাথে ব্যক্তির সম্পর্ক রক্ষা করা

১৯. কোন আইন সমাজে বিদ্যমান মূল্যবোধের পরিবর্তন করে নতুন মূল্যবোধের সৃষ্টি করে?
ক ফৌজদারি আইন খ বেসরকারি আইন
গ সরকারি আইন ঘ সামাজিক আইন

২০. কত সালে যৌতুক নিরোধ আইন প্রণীত হয়?
ক ১৯৮০ সালে খ ১৯৮১ সালে
গ ১৯৮২ সালে ঘ ১৯৮৩ সালে

২১. সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত কিশোর-কিশোরী উন্নয়ন কেন্দ্রের মোট সংখ্যা কত?
ক ২টি খ ৩টি গ ৪টি ঘ ৫টি

Teachingbd.com

২২. কিশোর উন্নয়ন কেন্দ্রে সমাজকর্মের কোন পদ্ধতির ব্যবহার বেশি লক্ষ করা যায়?
ক ব্যক্তি সমাজকর্মের খ দল সমাজকর্মের
গ সমষ্টি সমাজকর্মের ঘ সমাজকর্ম গবেষণার

২৩. বাংলাদেশ সংবিধানের কত নং অনুচ্ছেদে মানবাধিকারের কথা বলা হয়েছে?
ক ১১ নং খ ১২ নং গ ১৩ নং ঘ ১৪ নং

২৪. মানবাধিকার কমিশন কবে পুনর্গঠিত হয়?
ক ২০১০ সালের ১১ এপ্রিল
খ ২০১০ সালের ৩০ মে
গ ২০১০ সালের ২২ জুন
ঘ ২০১০ সালের ১৫ জুলাই

২৫. বাংলাদেশে কত সালে প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস হয়?
ক ১৯৬৫ সালে খ ১৯৭০ সালে
গ ১৯৭৫ সালে ঘ ১৯৮০ সালে

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ প্রশ্নের উত্তর দাও:**
কালমেঘা ইউনিয়নের তাহের আলী চৌধুরী তার এলাকার মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের মাধ্যমে শিক্ষাব্যবস্থার প্রসারে কাজ করছেন। বাবার রেখে যাওয়া সম্পত্তি থেকে 'মেধাবী শিক্ষার্থী ফান্ড' তৈরী করে বৃত্তি কার্যক্রম পরিচালনা করছেন তিনি।

২৬. উদ্দীপকের কার্যক্রমের সাথে নিচের কোন সংস্থার কার্যক্রমগত সাদৃশ্য রয়েছে?
ক গ্রামীণ ব্যাংক খ ব্র্যাক
গ প্রশিকা ঘ স্বনির্ভর বাংলাদেশ

২৭. উক্ত কার্যক্রমের মাধ্যমে সংস্থাটি ভূমিকা রাখছে—
i. ঝড়ে পড়া শিক্ষার্থীদের সংখ্যা কমাতে
ii. মেয়ে শিশুদের শিক্ষায় উৎসাহিত করতে
iii. মেয়ে শিশুর চাকরি প্রাপ্তির নিশ্চয়তা প্রদানে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. প্রবীণ হিতৈষী সংঘ কত সালে স্যাটেলাইট ক্লিনিক চালু করেছে?
ক ১৯৯৫ সালে খ ১৯৯৬ সালে
গ ১৯৯৭ সালে ঘ ১৯৯৮ সালে

২৯. প্রতিবছর কত তারিখ প্রবীণ দিবস পালন করা হয়?
ক ১লা অক্টোবর খ ১লা নভেম্বর
গ ১লা ডিসেম্বর ঘ ১লা জানুয়ারি

৩০. ইউনিসেফ কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৪৫ সালে খ ১৯৪৬ সালে
গ ১৯৪৭ সালে ঘ ১৯৪৮ সালে

৩১. মিনা চরিত্রটি বাবা-মা ও সমাজের সকলের দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটিয়ে কোন ক্ষেত্রে সহায়তা করছে?
ক ছেলেমেয়েদের বৈষম্য দূরীকরণে
খ গর্ভবতী নারীদের স্বাস্থ্য পরিচর্যায়
গ মেয়েদের শিক্ষার সুযোগ দিতে
ঘ শিশুদের অধিকার রক্ষা

৩২. গণতান্ত্রিকব্যবস্থা শক্তিশালী করার উপায় হলো—
i. জবাবদিহিমূলক ও স্বচ্ছ প্রশাসনব্যবস্থা
ii. সকল স্তরে মহিলাদের জন্য সংরক্ষিত আসন
iii. নির্বাচন প্রক্রিয়ায় মহিলা ও দরিদ্রদের অংশগ্রহণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৩. Judicial strengthening (just) প্রকল্পটি UNDP কত সালে শুরু করে?
ক ২০০৯ সালে খ ২০১০ সালে
গ ২০১২ সালে ঘ ২০১৩ সালে

৩৪. UNDP এর কার্যক্রমে সমাজকর্মের যেসব পদ্ধতি ব্যবহৃত হয়—
i. সমষ্টি উন্নয়ন
ii. সমষ্টি সংগঠন
iii. মাঠকর্ম পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. কীসের মাধ্যমে শিক্ষার কার্যকারিতা প্রকাশ পায়?
ক শিক্ষার ফলাফলের দ্বারা
খ শিক্ষার প্রায়োগিক দিক দ্বারা
গ শিক্ষার দক্ষতার দ্বারা
ঘ শিক্ষার তাত্ত্বিক জ্ঞান দ্বারা

৩৬. একজন মাঠকর্মীকে প্রথম কোন নীতি অবলম্বন করতে হবে?
ক যোগাযোগ নীতি খ অংশগ্রহণ নীতি
গ গোপনীয়তা নীতি ঘ লক্ষ্য নির্ধারণ নীতি

৩৭. অংশগ্রহণ নীতি অনুশীলনের মাধ্যমে একজন সমাজকর্মী—
i. সাহায্যার্থীকে আপন করে নিবে
ii. সাহায্যার্থীর সমস্যা বোঝার চেষ্টা করবে
iii. সাহায্যার্থীর সাথে নিয়মিত যোগাযোগ রাখবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. মাঠকর্ম প্রতিবেদনের অভ্যন্তরীণ অংশে নিচের কোনটি থাকবে?
ক নির্বাচিত প্রতিষ্ঠানের নাম
খ ছাত্রছাত্রীদের নাম
গ সংস্থার কার্যপরিধি
ঘ মাঠকর্ম অনুশীলনের সময়সীমা

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:**
মিতা ঢাকা মেডিকেলে তিন মাস মাঠকর্মী অনুশীলন করে একটি প্রতিবেদন তৈরি করেছে। রিপোর্টের কভার পেজে এ মিতা নিজের নাম ঠিকানা লিখে প্রতিবেদনটি তত্ত্বাবধায়কের কাছে জমা দেয়। কিন্তু তত্ত্বাবধায়ক প্রতিবেদনটি কভার পেজ দেখেই ফেরত দিয়ে দেন।

৩৯. তত্ত্বাবধায়ক মিতার রিপোর্টটি ফেরত দিয়েছেন কেন?
ক প্রতিষ্ঠানের নাম না লেখার কারণে
খ নিজের নাম লেখার কারণে
গ লক্ষ্য ও উদ্দেশ্য না লেখার কারণে
ঘ আত্মমূল্যায়ন না করার কারণে

৪০. কভার পেজটিকে সঠিকভাবে লিখতে হলে মিতাকে নিজের নামের পাশাপাশি—
i. প্রতিষ্ঠানের নাম লিখতে হবে
ii. সুপারিশমালা উপস্থাপন করতে হবে
iii. প্রতিষ্ঠান তত্ত্বাবধায়কের নাম লিখতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | খ |

http://teachingbd.com